(০১)	৮৩	রামনগর তাতেঁরকাঠী	৩৬.৯ বর্গ কিলোমিটার	২৩,১৩২ জন	নাজিরপুর তাতেঁরকাঠী	(১) রামনগর তাতেঁরকাঠী (২) ছয়হিস্যা তাতেঁরকাঠী (৩) রায় তাতেঁরকাঠী (৪) বাকলা তাতেঁরকাঠী (৫) নিজ তাতেঁরকাঠী (৬) নিমদী (৭) নাজিরপুর তাতেঁরকাঠী (৮) ছোট ডালিমা (৯) ধান্দী (১০) বড় ডালিমা (১১) সুলতানাবাদ-তাতেঁরকাঠী (১২) কচুয়া	উত্তরে-তালতলীর খাল দক্ষিণে-কালাইয়া ও দাসপাড়া ইউনিয়ন পূর্বে-তেতুলিয়া নদী পশ্চিমে-মদনপুরা ও সূর্যমনি ইউনিয়ন।
(০২)	৮২	ছয়হিস্যা তাতেঁরকাঠী					
(০৩)	৮১	রায় তাতেঁরকাঠী					
(০৪)	৮০	বাকলা তাতেঁরকাঠী					
(০৫)	৭৯	নিজ তাতেঁরকাঠী					
(০৬)	৭৮	নিমদী					
(০৭)	৮৬	নাজিরপুর তাতেঁরকাঠী					
(০৮)	৮৫	ছোট ডালিমা					
(০৯)	৭৭	ধান্দী					
(১০)	৭৬	বড় ডালিমা					
(১১)	৮৪	সুলতানাবাদ-তাতেঁরকাঠী					
(১২)	৭৫	কচুয়া					

৯টি সাধারণ ওয়ার্ড ঃ

ওয়ার্ড নম্বর	অন্তর্ভুক্ত গ্রাম/চৌহদ্দি		জনসংখ্যা
১	নাজিরপুর-১ ঃ	(রামনগর তাতেঁরকাঠী ও ছয়হিস্যা তাতেঁরকাঠী) উত্তরে-তালতলীর খাল, দক্ষিণে-সুলতানাবাদ মৌজার সীমানা, পূর্বে-নিমদী ও নিজ তাতেঁরকাঠী মৌজার সীমানা, পশ্চিমে-নুরাইনপুর-বাউফল খাল।	২৮৬৪
২	নাজিরপুর-২ ঃ	(রায় তাতেঁরকাঠী ও বাকলা তাতেঁরকাঠী) উত্তরে-তালতলীর খাল, দক্ষিণে-রামনগর, ছয়হিস্যা ও নিজ তাতেঁরকাঠী মৌজার সীমানা, পূর্বে-নিজ তাতেঁরকাঠী মৌজার সীমানা ও তেতুলীয়া নদী, পশ্চিমে-রামনগর মৌজার সীমানা।	২৪৫৩
৩	নাজিরপুর-৩ ঃ	(নিজ তাতেঁরকাঠী ও নিমদী) উত্তরে-বাকলা তাতেঁরকাঠী মৌজার সীমানা, দক্ষিণে-ধান্দী মৌজার সীমানা, পূর্বে-তেতুলীয়া নদী, পশ্চিমে-ছয়হিস্যা মৌজার সীমানা।	২২৮৪
৪	নাজিরপুর-৪ ঃ	নাজিরপুর তাতেঁরকাঠী (পশ্চিম অংশ) উত্তরে-সুলতানাবাদ মৌজার সীমানা, দক্ষিণে-বাউফল পৌরসভার ৮নং ওয়ার্ডের সীমানা, পূর্বে-৪নং ওয়ার্ডের নাজিরপুর (অংশের) মৌজার সীমানা, পশ্চিমে-নুরাইনপুর-বাউফল খাল।	২৬৫৬
৫	নাজিরপুর-৫ ঃ	ছোট ডালিমা, নাজিরপুর, তাতেঁরকাঠী (পূর্ব অংশ), ধান্দী (দক্ষিণ অংশ) উত্তরে-৬নং ওয়ার্ডের ধান্দী মৌজার সীমানা, দক্ষিণে-কালাইয়া-বাউফল খাল, পূর্বে-বড় ডালিমা মৌজার সীমানা ও তেতুলিয়া নদী, পশ্চিমে-৪নং ওয়ার্ডের নাজিরপুর মৌজার সীমানা।	২৯৯৩
৬	নাজিরপুর-৬ ঃ	সুলতানাবাদ তাতেঁরকাঠী, ধান্দী (উত্তর অংশ) উত্তরে-রামনগর ছয় হিস্যা মৌজার সীমানা, দক্ষিণে- নাজিরপুর, ছোট ডালিমা ও ধান্দী মৌজার সীমানা, পূর্বে-নিমদী ও ধান্দী মৌজার সীমানা, পশ্চিমে-নুরাইনপুর-বাউফল খাল,	৩১২৩
৭	নাজিরপুর-৭ ঃ	বড় ডালিমা (উত্তর অংশ) উত্তরে-ধান্দী মৌজার সীমানা, দক্ষিণে-৮নং ওয়ার্ডের বড় ডালিমা মৌজার সীমানা, পূর্বে-তেতুলিয়া নদী, পশ্চিমে-ছোট ডালিমা মৌজার সীমানা।	২২৭৪
৮	নাজিরপুর-৮ ঃ	বড় ডালিমা (দক্ষিণ অংশ) উত্তরে-৭নং ওয়ার্ডে বড় ডালিমা মৌজার সীমানা, দক্ষিণে-কালাইয়া-বাউফল খাল, পূর্বে-৯নং ওয়ার্ডের কচুয়া মৌজার সীমানা ও তেতুলীয়া নদী, পশ্চিমে-৫নং ওয়ার্ডের ছোট ডালিমা মৌজার সীমানা।	২৯৫৯
৯	নাজিরপুর-৯ ঃ	বড় ডালিমা (পূর্ব অংশ), কচুয়া উত্তরে-৮নং ওয়ার্ডের বড় ডালিমা মৌজার সীমানা, দক্ষিণে-কালাইয়া-বাউফল খাল, পূর্বে-তেতুলিয়া নদী, পশ্চিমে-৮নং ওয়ার্ডের বড় ডালিমা মৌজার সীমানা।	১৫২৬

মোট=২৩,১৩২ জন

সংরক্ষিত ওয়ার্ডসমূহ ঃ

১, ২ ও ৩ নং সাধারণ ওয়ার্ডের সমন্বয়ে ০১ নং সংরক্ষিত আসন।

৪, ৫ ও ৬ নং সাধারণ ওয়ার্ডের সমন্বয়ে ০২ নং সংরক্ষিত আসন।

৭, ৮ ও ৯ নং সাধারণ ওয়ার্ডের সমন্বয়ে ০৩ নং সংরক্ষিত আসন।

মোঃ শাহআলম সরদার
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, গাজীপুর

বিজ্ঞপ্তি

তারিখ, ৩১ ডিসেম্বর ২০১২

নং উনিঅ/শ্রী/গাজী/২০১২-৮১৪—এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন ৮নং রাজাবাড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ কুতুব উদ্দিন, পিতা-মৃত আফাজ উদ্দিন, গ্রাম ও ডাকঘর-রাজেন্দ্রপুর, উপজেলা-শ্রীপুর, জেলা-গাজীপুর এর বিরুদ্ধে ১০ (দশ) জন ইউপি সদস্যের অনাস্থা প্রস্তাব ২৭-১২-২০১২ তারিখের স্থাসবি/ইপ/সাবঅ-১১/২০০৭/৮০৫নং স্মারক মূলে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ ইপ শাখায় চূড়ান্তভাবে অনুমোদন করা হয়েছে এবং জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়ের কার্যালয়ের ৩১-১২-২০১২ তারিখের ৪৬.১২.৩৩০০.০০৮.১৭.০২৬.১১-৬৬৯(সং) নং স্মারক মোতাবেক।

২। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার ২ উপ-ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি আজীজ হায়দার ভূইয়া, উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর ৩১-১২-২০১২ খ্রিঃ তারিখ হতে গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন ০৮নং রাজাবাড়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের পদটি শূন্য ঘোষণা করলাম।

আজীজ হায়দার ভূইয়া
উপজেলা নির্বাহী অফিসার।

জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, রাজবাড়ী

প্রজ্ঞাপন

তারিখ, ০২ ডিসেম্বর ২০১২

নং ১৭.১১.৮২০০.০০০.৪১.০০২.১২-৪৮৩—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫(১) অনুযায়ী আমি মোহাম্মাদ হাবিবুর রহমান, জেলা নির্বাচন অফিসার, রাজবাড়ী এতদ্বারা রাজবাড়ী জেলার রাজবাড়ী সদর উপজেলার মিজানপুর ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সাধারণ আসনের শূন্য পদে উপ-নির্বাচন পরিচালনার জন্য জনাব মোহাম্মদ জাহিদ হোসেন, উপজেলা নির্বাচন অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী-কে রিটার্নিং অফিসার নিয়োগ করলাম।

মোহাম্মাদ হাবিবুর রহমান
জেলা নির্বাচন অফিসার।

জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, লক্ষ্মীপুর

বিজ্ঞপ্তি

তারিখ, ২৪ ডিসেম্বর ২০১২

নং ১৭.১০.৫১০০.০০০.৪১.০০১.১২-৪১৩—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ এবং নির্বাচন কমিশন সচিবালয়ের ১৭ ডিসেম্বর, ২০১২ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০২.১২-৬৩ নং স্মারকের পত্রের নির্দেশনা মোতাবেক নিম্নে বর্ণিত তফসিলের ৪ নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদের সাধারণ ওয়ার্ডের সদস্য পদে উপ-নির্বাচন পরিচালনার নিমিত্ত ৫ নং কলামে উল্লিখিত কর্মকর্তাকে রিটার্নিং অফিসার নিয়োগ করা হ'ল ঃ

তফসিল

ক্রমিক নং	জেলা	উপজেলা	ইউনিয়ন ও পদের নাম	রিটার্নিং অফিসারের পদবী
(১)	লক্ষ্মীপুর	লক্ষ্মীপুর সদর	হাজিরপাড়া ইউনিয়নের ২নং ওয়ার্ডের সাধারণ সদস্য	উপজেলা নির্বাচন অফিসার লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর

মোঃ সোহেল সামাদ
জেলা নির্বাচন অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পুঠিয়া, রাজশাহী।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৩০ ডিসেম্বর ২০১২

নং ০৫.৪৩.৮১৮২.০০০.১০.০০৭.১২-৬৯০—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১২ ধারা এবং ১৩(৮) ধারা অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ লুৎফর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, রাজশাহী জেলার পুঠিয়া উপজেলাধীন ১ নং পুঠিয়া ইউনিয়ন পরিষদের পূনর্গঠিত সাধারণ ও সংরক্ষিত আসনের সীমানা নিম্নোক্তভাবে পূনর্গঠন করলাম।

তফসিল

পূনর্গঠিত পুঠিয়া ইউনিয়ন পরিষদের সাধারণ আসনের বিবরণ :

ক্রমিক নং	ওয়ার্ড নং	সাধারণ ওয়ার্ডভুক্ত মৌজার নাম ও জে.এল. নং পূর্ণ/আংশিক উল্লেখ করতে হবে মৌজার ক্ষেত্রে দাগ নং সমূহ	সংশ্লিষ্ট মৌজার বিপরীতে সাধারণ ওয়ার্ড ভুক্ত নাম/পাড়া/ মহল্লার নাম (পূর্ণ/আংশিক উল্লেখ করতে হবে)	সাধারণ ওয়ার্ডের সীমানা চৌহদ্দী উত্তরে, দক্ষিণে, পূর্বে পশ্চিমের শেষ প্রান্তস্থিত রোড গলি, মহল্লা পাড়া ইত্যাদির বর্ণনা
১	২	৩	৪	৫
(১)	১	(১) মৌজা-গন্ডগোহালী, জে.এল. নং-৩৭ আংশিক দাগ নং-১ হইতে ২১৩, ২৪৩ হইতে ৪৭০, ৪৭২ হইতে ১১৪৭ এবং ১১৪৯ হইতে ১১৬০ নং দাগ পর্যন্ত। (২) মৌজা-ধনঞ্জয়পাড়া জে.এল. নং-৩৮, দাগ নং-০১ হইতে ৭৩৫ পর্যন্ত	(১) গন্ডগোহালী মৌজার উত্তরাংশ (২) ধনঞ্জয়পাড়া মৌজা পূর্ণ।	উত্তরে-ভালুকগাছি ইউনিয়ন দক্ষিণে-পুঠিয়া পৌরসভা পূর্বে-জিউপাড়া ইউনিয়ন পশ্চিমে-পালপাড়া মৌজা।
(২)	২	মৌজা-পালপাড়া জে.এল. নং-৪৩ মৌজার উত্তরাংশ। দাগ নং-০১ হইতে ১৫৪৮ পর্যন্ত।	পালপাড়া মৌজার উত্তরাংশ	উত্তরে-ভালুকগাছি ইউনিয়ন দক্ষিণে-পুঠিয়া পৌরসভা পূর্বে-ধনঞ্জয়পাড় মৌজা ও ভালকগাছি ইউনিয়ন পশ্চিমে-ভালুকগাছি ইউনিয়ন।
(৩)	৩	(১) মৌজা-দৈপাড়া, জে.এল. নং-৪৫ দাগ নং-০১ হইতে ১৪৪২ পর্যন্ত পূর্ণ মৌজা (২) মৌজা-তারাপুর, জে.এল. নং-২৮ আংশিক উত্তরাংশ দাগ নং-০১ হইতে ৭২৬ পর্যন্ত।	(১) দৈপাড়া মৌজার পূর্ব দৈপাড়া ও পশ্চিম দৈপাড়া। (২) তারাপুর উত্তরপাড়া ও রাজশাহী-ঢাকা মহাসড়কের উত্তরে।	উত্তরে-বানেশ্বর ইউনিয়ন দক্ষিণে-তারাপুর মৌজার দক্ষিণাংশ ও রাজশাহী-ঢাকা মহাসড়ক পূর্বে-পুঠিয়া পৌরসভা পশ্চিমে-বানেশ্বর ইউনিয়ন।
(৪)	৪	মৌজা-তারাপুর জে.এল.নং-২৮ দক্ষিণাংশ, দাগ নং-৭২৭ হইতে ১০৬৪ এবং ২০০১ হইতে ৩২১৯ নং দাগ পর্যন্ত।	তারাপুর দক্ষিণাংশ তারাপুর দক্ষিণপাড়া রাজশাহী-ঢাকা মহাসড়কের দক্ষিণে।	উত্তরে-তারাপুর মৌজার উত্তরাংশ ও রাজশাহী ঢাকা মহাসড়ক। দক্ষিণে-কান্দ্রা মৌজা। পূর্বে-পুঠিয়া পৌরসভা পশ্চিমে-বানেশ্বর ইউনিয়ন।
(৫)	৫	মৌজা-কান্দ্রা জে.এল.নং-২৭ আংশিক দাগ নং-০১ হইতে ৯৩৩, ৯৫০ হইতে ১০৩৪, ৫০০১ হইতে ৫৪৩০, $\frac{৫৪২৩}{৭১৯১}$, ৫৪৩৬ হইতে ৫৪৪১, ৫৪৪৭ ৫৫১১ হইতে ৫৫১৩, ৫৫২০ হইতে ৫৫২৫, ৫৫৭০, ৫৫৭১, ৫৫৭৬ হইতে ৫৬৩২, ৫৬৯৪, ৫৬৯৫, ৫৬৯৯ হইতে ৬০৬৪, ৬১১২ হইতে ৬১১৮, ৬১৩৩ হইতে ৬১৭১, ৬১৮৯ এবং ৬১৯০ পর্যন্ত।	(১) কান্দ্রা কারিগর পাড়া। (২) কায়েমের পাড়া। (৩) মজিবরের পাড়া। (৪) মহসিনের পাড়া। (৫) কামরুনের পাড়া।	উত্তরে-তারাপুর মৌজা দক্ষিণে-বানেশ্বর ইউনিয়ন ও চারঘাট থানা পূর্বে-কান্দ্রা মৌজার ৬নং ওয়ার্ড পশ্চিমে-বানেশ্বর ইউনিয়ন
(৬)	৬	মৌজা-কান্দ্রা, জে. এল নং ২৭ আংশিক দাগ নং ৫৪৩১ হইতে৫৪৩৫, ৫৪৪২ হইতে ৫৪৪৬, ৫৪৪৮ হইতে ৫৫১০, ৫৫১৪ হইতে ৫৫১৯, ৫৫২৬ হইতে ৫৫৬৯, ৫৫৭২ হইতে ৫৫৭৫, ৫৬৩৩ হইতে ৫৬৯৩, ৫৬৯৬ হইতে ৫৬৯৮, ৬০৬৫ হইতে ৬১১১, ৬১১৯ হইতে ৬১৩২, ৬১৭২ হইতে ৬১৮৮, ৬১৯১ হইতে ৬৯৫৬, ৬৯৫৬, ৭০০৮ হইতে ৭০৩৭, ৭০৪৩ হইতে ৭০৬৫, ৭০৯৭ হইতে ৭১৬৯ এবং ৭৬১৪ হইতে ৭৬২২ নং দাগ পর্যন্ত।	(১) কান্দ্রা মন্ডল পাড়া (২) হোসেন মাস্টারের পাড়া (৩) ফকির পাড়া (৪) কান্দ্রা দক্ষিণ পাড়া (৫) কান্দ্রা মধ্য পাড়া (৬) কান্দ্রা পূর্বপাড়া (৭) ঝুলন পাড়ার দক্ষিণাংশ	উত্তরে-তারাপুর মৌজা দক্ষিণে-চারঘাট থানা পূর্বে-কান্দ্রা মৌজার ৭নং ওয়ার্ড পশ্চিমে-কান্দ্রা মৌজার ৫নং ওয়ার্ড

১	২	৩	৪	৫
(৭)	৭	মৌজা-কান্দ্রা, জে. এল নং ২৭ দাগ নং ৬৯৫৭ হইতে৭০০৭, ৭০৩৮ হইতে ৭০৪২, ৭০৬৬ হইতে ৭০৯৬, ৭১৯৪, ৭৫০১ হইতে ৭৬১৩, ৭৬২৩ হইতে ৭৯৭৯ নং দাগ পর্যন্ত।	(১) কান্দ্রা গুচ্ছগ্রাম ও কলোনী (২) কান্দ্রা ছালামের পাড়া (৩) খলিফা পাড়া (৪) কান্দ্রা চুনিয়া পাড়া (৫) কান্দ্রা ঝুলনপাড়ার উত্তরাংশ	উত্তরে-পুঠিয়া পৌরসভা দক্ষিণে-কান্দ্রা ৬নং ওয়ার্ড ও চারঘাট থানা পূর্বে-বারইপাড়া পশ্চিমে-কান্দ্রা ৬নং ওয়ার্ড
(৮)	৮	মৌজা-বারইপাড়া, জে. এল নং ৩২ আংশিক দাগ নং ১৫০১ হইতে ১৯৭৭, ১৯৮৪ হইতে ২০৩৬ এবং ২৫০১ হইতে ২৫০৫ নং দাগ পর্যন্ত।	বারইপাড়া মৌজার পশ্চিমাংশ	উত্তরে-পুঠিয়া পৌরসভা দক্ষিণে-চারঘাট থানা পূর্বে-বারইপাড়া মৌজার ৯নং ওয়ার্ড পশ্চিমে-কান্দ্রা
(৯)	৯	মৌজা-বারইপাড়া, জে. এল নং ৩২ আংশিক দাগ নং ১৯৭৮ হইতে ১৯৮৩, ২০৩৭ হইতে ২৩৫০, ২৫০৬ হইতে ৩৩২৭ নং দাগ পর্যন্ত।	বারইপাড়া মৌজার পূর্বাংশ	উত্তরে-পুঠিয়া পৌরসভা দক্ষিণে-চারঘাট থানা পূর্বে-জিলা ও থানা-নাটোর পশ্চিমে-বারইপাড়া মৌজার ৮নং ওয়ার্ড

পুনর্গঠিত পুঠিয়া ইউনিয়নের সংরক্ষিত আসনের বিবরণ ঃ

ক্রমিক নং	সংরক্ষিত ওয়ার্ড নং	সংরক্ষিত ওয়ার্ডের সীমানা/চৌহদ্দি (উত্তরে, দক্ষিণে, পূর্বে, পশ্চিমের শেষ প্রারম্ভিক রোড মহল্লা, খাল ইত্যাদির বর্ণনা)
(১)	১, ২, ও ৩	উত্তরে-ভাল্লুকগাছি ইউনিয়ন। দক্ষিণে-পুঠিয়া পৌরসভা ও রাজশাহী-ঢাকা মহাসড়ক। পূর্বে-জিউপাড়া ইউনিয়ন (মৌজা জিউপাড়া ও হলহলিয়া)। পশ্চিমে-ভাল্লুকগাছি ও বানেশ্বর ইউনিয়ন।
(২)	৪, ৫ ও ৬	উত্তরে-রাজশাহী-ঢাকা মহাসড়ক ও উত্তর তারাপুর। দক্ষিণে-বানেশ্বর ইউনিয়ন ও চারঘাট থানা। পূর্বে-পুঠিয়া পৌরসভা ৭নং ওয়ার্ড। পশ্চিমে-বানেশ্বর ইউনিয়ন ও চারঘাট থানা।
	৭, ৮ ও ৯	উত্তরে-পুঠিয়া পৌরসভা দক্ষিণে-চারঘাট থানা পূর্বে-জেলা ও থানা নাটোর পশ্চিমে-৬নং ওয়ার্ড (মৌজা কান্দ্রা)

নং ০৫.৪৩.৮১৮২.০০০.১০.০০৭.১২-৬৯১—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১২ ধারা এবং ১৩(৮) ধারা অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ লুৎফর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, রাজশাহী জেলার পুঠিয়া উপজেলাধীন ৬নং জিউপাড়া ইউনিয়ন পরিষদের পূনর্গঠিত সাধারণ ও সংরক্ষিত আসনের সীমানা নিম্নোক্তভাবে পূনর্গঠন করলাম ঃ

তফসিল

পুনর্গঠিত জিউপাড়া ইউনিয়ন পরিষদের সাধারণ আসনের বিবরণ ঃ

ক্রমিক নং	ওয়ার্ড নং	সাধারণ ওয়ার্ডভুক্ত মৌজার নাম ও জে, এল, নং পূর্ণ/ আংশিক উল্লেখ করতে হবে মৌজার ক্ষেত্রে দাগ নং সমূহ	সংশ্লিষ্ট মৌজার বিপরীতে সাধারণ ওয়ার্ডভুক্ত নাম/পাড়া/মহল্লার নাম (পূর্ণ/আংশিক উল্লেখ করতে হবে)	সাধারণ ওয়ার্ডের সীমানা চৌহদ্দী উত্তরে, দক্ষিণে, পূর্বে পশ্চিমের শেষ প্রান্তস্থিত রোড গলি, মহল্লা পাড়া ইত্যাদির বর্ণনা।
১	২	৩	৪	৫
(১)	১ সাবেক ওয়ার্ড বহাল	বিলমাড়িয়া জে,এল, নং ১২০ পূর্ণ	বিলমাড়িয়া পূর্ণ সাবেক ১ নং ওয়ার্ড বহাল।	উত্তরে হাড়গাতি ও খামারমাড়িয়া দক্ষিণে মধুখালী পূর্বে জেলা ও থানা নাটোর পশ্চিমে উজালপুর বাসুবেদপুর ও ধোপাপাড়া
(২)	২ সাবেক ওয়ার্ড বহাল	(১) উজালপুর জে,এল, নং ৬৪ আংশিক (২) সৈয়দপুর পূর্ণ নং ১২২ (৩) বারপাখিয়া পূর্ণ নং ১২৩ (৪) ধোপাপাড়া আংশিক নং ৩৯ (৫) মধুখালী আংশিক ১২৪	(১) উজালপুর আংশিক (২) ধোপাপাড়া আংশিক (৩) বারপাখিয়া পূর্ণ (৪) মধুখালী আংশিক (৫) সৈয়দপুর পূর্ণ	উত্তরে বিলমাড়িয়া ও বাসুদেবপুর দক্ষিণে মধুখালি পশ্চিমে উজালপুর ও ধোপাপাড়া পূর্বে জিলা ও থানা নাটোর এবং বিলমাড়িয়া।
(৩)	৩ সাবেক ওয়ার্ড বহাল	মধুখালী জে,এল,নং ১২৪ আংশিক।	মধুখালী আংশিক সাবেক ৩নং ওয়ার্ড বহাল	উত্তরে সৈয়দপুর বারপাখিয়া ও ধোপাপাড়া দক্ষিণে গাওপাড়া ও জিউপাড়া পূর্বে জেলা ও থানা নাটোর পশ্চিমে নকুলবাড়িয়া ও জিউপাড়া

১	২	৩	৪	৫
(৪)	৪ সাবেক ওয়ার্ড বহাল	(১) উজালপুর জে,এল, নং ৬৪ আংশিক (২) চকপলাশী জে.এল.নং-৬২ পূর্ণ (৩) দাসমাড়িয়া জে.এল.নং-৬৩ পূর্ণ (৪) বাসুদেবপুর পূর্ণ নং ১২১	(১) উজালপুর আংশিক (২) চকপলাশী পূর্ণ (৩) দাসমাড়িয়া পূর্ণ (৪) বাসুদেবপুর পূর্ণ সাবেক ২ নং ওয়ার্ড বহাল সাবেক ৪ নং ওয়ার্ড বহাল	উত্তরে আটভাগ ও পশ্চিমেভাগ দক্ষিণে ধোপাপাড়া ও সৈয়দপুর পূর্বে বিলমাড়িয়া পশ্চিমে সিংড়া ও নওপাড়া
(৫)	৫ সাবেক ওয়ার্ড বহাল	(১) মৌজা ধোপাপাড়া জে,এল, নং ৩৯ আংশিক।	ধোপাপাড়া আংশিক সাবেক ৫নং ওয়ার্ড বহাল	উত্তরে দাসমাড়িয়া চকপলাশী ও উজালপুর। দক্ষিণে ধোপাপাড়া নকুলবাড়িয়া পূর্বে ধোপাপাড়া পূর্বাংশ ও ২নং ওয়ার্ড পশ্চিমে মোহনপুর
(৬)	৬ সাবেক ওয়ার্ড বহাল	(১) মৌজা ধোপাপাড়া আংশিক জে,এল, নং ৩৯ আংশিক (২) নকুলবাড়িয়া, জে,এল, নং ১২৫ পূর্ণ।	(১) ধোপাপাড়া আংশিক (হিন্দু পাড়া, হাড়োখালি ও পূর্ব ধোপাপাড়া) (২) নকুলবাড়িয়া পূর্ণ সাবেক ৬নং ওয়ার্ড বহাল	উত্তরে ধোপাপাড়া দক্ষিণে জিউপাড়া পূর্বে মধুখালি পশ্চিমে গন্ডগোহালী
(৭)	৭ সাবেক ওয়ার্ড বহাল	মৌজা জিউপাড়া, জে,এল, নং ১২৬ পূর্ণ।	জিউপাড়া পূর্ণ সাবেক ৭নং ওয়ার্ড বহাল	উত্তরে নকুলবাড়িয়া ও ধোপাপাড়া দক্ষিণে ঝলমালিয়া মৌজা পূর্ণ পূর্বে গাওপাড়া সেনভাগ ও মধুখালি পশ্চিমে কানাইপাড়া, গন্ডগোহালী, হলহলিয়া ও ধোপাপাড়া।
(৮)	৮ নবগঠিত	মৌজা হলহলিয়া জে,এল, নং ৩৬ পূর্ণ। (১) দাগ নং ০১ হইতে ৪২৩ নং পর্যন্ত পূর্ণ মৌজা। (২) মৌজা কানাইপাড়া, জে,এল, নং ৩৫, আংশিক দাগ নং ০১ হইতে ৪৭০, ৪৮৬ হইতে ৫১২ নং দাগ পর্যন্ত। (৩) মৌজা ঝলমালিয়া জে,এল, নং ১২৭ আংশিক দাগ নং ৮৪ হইতে ৯৬। ১২৬ হইতে ১৩০, ১৪৭ হইতে ৩৩৪, ৩৩৭, ৩৫৬, ৮৫৮, ৮৬২ হইতে ১১৪৫, ১১৪৯, ১৩৫১, ১৩৫৯ হইতে ১৩৭০, ১৩৭২, ১৩৭৩, ১৩৭৭ হইতে ১৩৮০, ১৩৮৫ হইতে ১৩৮৮, ১৩৯০, ১৩৯২ ও ১৩৯৪।	(১) হলহলিয়া মৌজার পূর্ণ (২) কানাইপাড়া আংশিক (৩) ঝলমলিয়া মৌজা আংশিক পূর্বাংশ নবগঠিত ৮ নং ওয়ার্ড	উত্তরে গন্ডোগহালী ও জিউপাড়া মৌজা দক্ষিণে কানাইপাড়া মৌজার দক্ষিণাংশ ও পুঠিয়া পৌরসভা। পূর্বে গাওপাড়া সেনভাগ মৌজা ও জিউপাড়া পশ্চিমে পুঠিয়া পৌরসভা
(৯)	৯ সাবেক ওয়ার্ড বহাল	মৌজা গাওপাড়া সেনভাগ পূর্ণ জে, এল, নং ১২৮ পূর্ণ।	গাওপাড়া সেনভাগ সাবেক ৯নং ওয়ার্ড বহাল।	উত্তরে মধুখালি দক্ষিণে জেলা ও থানা নাটোর পূর্বে জেলা ও থানা নাটোর পশ্চিমে ঝলমলিয়া ও জিউপাড়া।

জিউপাড়া ইউনিয়ন পুনর্গঠিত সংরক্ষিত আসনের বিবরণ ঃ

ক্রমিক নং	সংরক্ষিত ওয়ার্ড নং	সংরক্ষিত ওয়ার্ডের সীমানা/চৌহদ্দী (উত্তরে, দক্ষিণে, পূর্বে, পশ্চিমের শেষ প্রারম্ভিক রোড মহল্লাখানা সীমানার বর্ণনা।
(১)	১, ২ ও ৩	উত্তরে হাড়গাতি ও খামারমাড়িয়া। দক্ষিণে জিউপাড়া ও গাওপাড়া সাধারণ ওয়ার্ড ৭ ও ৯। পূর্বে জেলা ও থানা নাটোর। পশ্চিমে বাসুদেবপুর, উজালপুর, ধোপাপাড়া ও নকুলবাড়িয়া (ওয়ার্ড নং ৪, ৫ ও ৬)
(২)	৪, ৫ ও ৬	উত্তরে আটভাগ ও পশ্চিমভাগ দক্ষিণে গন্ডগোহালী ও জিউপাড়া পূর্বে বিলমাড়িয়া, সৈয়দপুর, ধোপাপাড়া পূর্বাংশ ও মধুখালি। পশ্চিমে সিংড়া, নওপাড়া ও মোহনপুর
(৩)	৭, ৮ ও ৯	উত্তরে নকুলবাড়িয়া ও মধুখালি। দক্ষিণে পুঠিয়া পৌরসভা ও নাটোর জেলা ও থানা। পূর্বে জেলা ও থানা নাটোর। পশ্চিমে গন্ডগোহালী ও পুঠিয়া পৌরসভা।

মোঃ লুৎফর রহমান
উপজেলা নির্বাহী অফিসার।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ, ঢাকা

বিজ্ঞপ্তি

তারিখ, ৭ জুন ২০১২

নং ২০৪৬/২০১২এসসি(এডি)—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের ব্যক্তিগত কর্মকর্তা জনাব মোহাম্মদ শামছুল আলমকে পদোন্নতি প্রদানপূর্বক জাতীয় বেতন স্কেল ১২০০০-৬০০×১৬-২১৬০০ টাকায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভগের বেঞ্চ রীডারের অস্থায়ী শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হইল। এই নিয়োগ তাহার কার্যভার গ্রহণের তারিখ হইতে কার্যকর হইবে।

প্রধান বিচারপতির আদেশক্রমে

এ, কে, এম, শামসুল ইসলাম
রেজিস্ট্রার।

বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট

(সংস্থাপন শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ জ্যৈষ্ঠ ১৪১৯/১১ জুন ২০১২

নং ০০.২৬৬.০১৯.০০.০৪.০০১.২০১২-৪৭৫—বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর গত ৭-৬-২০১২ খ্রিঃ তারিখের ০০.২৬৬.০১৯.০০.০৪.০০১.২০১০-৪৬২/১(৪৫) নং প্রজ্ঞাপনমূলে বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর অধীনে ন্যস্ত করা হয়েছিল। উক্ত আদেশ আংশিক সংশোধনক্রমে বর্ণিত কর্মকর্তাকে নিম্নোক্তভাবে পদায়ন করা হলো ঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম, পদবী ও পরিচিতি নম্বর	নিজ জেলা	বর্তমান কর্মস্থল	পদায়নকৃত কর্মস্থল
(১)	জনাব মু. মাহমুদ উল্লাহ মারুফ পরিচিতি নং ১৬৮৯১ শিক্ষানবিস সহকারী কমিশনার	শেরপুর	জেলা প্রশাসকের কার্যালয় হবিগঞ্জ	জেলা প্রশাসকের কার্যালয় মৌলভীবাজার

২। জনস্বার্ধে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

এন এম জিয়াউল আলম
কমিশনার।

বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা

প্রজ্ঞাপন

তারিখ, ২০ জুন ২০১২

নং ০৫.৪৪.০০১.০৪.০০.০০৪.২০১২-৫৩৫—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো ঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর পদবী এবং নিজ ও স্পাউসের জেলা	যে প্রজ্ঞাপনমূলে এ কার্যালয়ে ন্যস্ত	বর্তমান কর্মস্থল	বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ	বদলি/পদায়নকৃত কর্মস্থল
(১)	জনাব রাসেল মনজুর (১৫৭৬৫) উপজেলা নির্বাহী অফিসার নিজ জেলা নড়াইল স্পাউসের জেলা জয়পুরহাট।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮-৬-২০১২ তারিখের ০৫.১৪১.০১৯.০০.০০.০০৫.২০১২-১০৪ নং প্রজ্ঞাপন।	বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।	১৯-৬-২০১২	উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।

২। বদলি/পদায়নকৃত উপজেলা নির্বাহী কর্মকর্তা তাঁর অধিক্ষেত্রের মধ্যে নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবেও দায়িত্ব পালন করবেন এবং ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারার ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। সংশ্লিষ্ট কর্মকর্তা ১৯-৬-২০১২ তারিখ পূর্বাহ্নে যোগদান করেছেন এবং তাকে অদ্য ২০-৬-২০১২ তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ মসিউর রহমান
বিভাগীয় কমিশনার।

বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সিলেট বন বিভাগ
সিলেট

সিলেট বন বিভাগাধীন ২০১৩ইং সনে প্রাকৃতিক বাঁশ মহাল বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

তারিখঃ ৩০ ডিসেম্বর ২০১২

নং ৭২/প্রাকৃতিক বাঁশ অব ২০১৩—সিলেট বন বিভাগের প্রাকৃতিক বাঁশ মহাল (তফসিল সংযুক্ত) ২০১৩ইং সনে দরপত্রের মাধ্যমে ইজারা/বিক্রয়ের জন্য বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট কর্তৃক নিম্নবর্ণিত শর্তাধীনে সিলেট বন বিভাগের তালিকাভুক্ত মহালদারগণের নিকট হইতে মুখবন্ধ খামে দরপত্র আহ্বান করা যাইতেছে। দরপত্র আগামী ১২-০২-২০১৩ ইং তারিখ বেলা ১.০০ ঘটিকার মধ্যে বিভাগীয় কমিশনার, সিলেট; বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা; বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সিলেট এবং জেলা প্রশাসক, মৌলভীবাজার এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। দরপত্র আগামী ১৩-০২-২০১৩ ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকার সময় সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর কার্যালয়ে দরপত্র মূল্যায়ন কমিটির উপস্থিতিতে খোলা হইবে। ইচ্ছা করিলে দরপত্রদাতাগণ ঐ সময় উপস্থিত থাকিতে পারিবেন।

শর্তাবলী

১। প্রাকৃতিক বাঁশ মহাল বিক্রয়ের দরপত্রে অংশগ্রহণকারীকে অবশ্যই সিলেট বন বিভাগের তালিকাভুক্ত মহালদার হইতে হইবে এবং তাহার মহালদারী তালিকাভুক্তি হালনাগাদ নবায়ন থাকিতে হইবে। সিলেট বন বিভাগের তালিকাভুক্ত মহালদার ব্যতীত কেহ দরপত্রে অংশগ্রহণ করিতে পারিবেন না। দরপত্রের সহিত হালনাগাদ তালিকাভুক্তির সত্যায়িত আলোকছাপ এবং হালনাগাদ আয়কর ও ভ্যাটের সত্যায়িত আলোকছাপ দাখিল করিতে হইবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য বিবেচিত হইবে না।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত উদ্ধৃত মূল্যের শতকরা ৩% (শতকরা তিন ভাগ) বায়নার টাকা বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট এর বরাবরে (Pledged to D.F.O. Sylhet) যে কোন তফসিলী ব্যাংকের ব্যাংক ড্রাফট্/পে-অর্ডার মূলে জমা দিয়া গৃহীত মুল ব্যাংক ডাফট্/পে–অর্ডার দরপত্রের সাথে জমা দিতে হইবে। বায়নার টাকা জমা দেওয়া ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হইবে না। দরপত্র দাতা মহাল ক্রয়ে অকৃতকার্য হইলে তাহার বায়নার টাকা যথাসময়ে ফেরৎ প্রদান করা হইবে। কৃতকার্য দরপত্র দাতার বায়নার টাকা তাহার ইচ্ছানুসারে মহালের জামানত হিসাবে সমন্বয় করা যাইতে পারে।

৩। দরপত্রে অংশগ্রহণকারী তালিকাভুক্ত মহালদারকে দরপত্র দাখিলের পূর্বে তফসিলে বর্ণিত বাঁশ মহাল সরজমিনে পরিদর্শন করিয়া মহালে প্রজাতিভিত্তিক প্রাপ্তব্য বাঁশের সংখ্যা/গুণগতমান যাচাই করিতে হইবে। বাঁশ মহাল পূর্বে না দেখার অজুহাতে দরপত্র গ্রহণের পর প্রজাতিভিত্তিক বাঁশের সংখ্যা কম আছে বা ইহার গুণগতমান সম্পর্কে দরপত্র দাতার কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না।

৪। বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত ছকপত্রে অবশ্যই দরপত্র দাখিল করিতে হইবে। নির্ধারিত ছকপত্র (সিডিউল) বিভাগীয় বন কার্যালয়, চাঁদনীঘাট, সিলেট; বিভাগীয় কমিশনার, সিলেট; বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল, বন ভবন, মহাখালী, ঢাকা; ও জেলা প্রশাসক, মৌলভীবাজার এর কার্যালয় হইতে নগদ ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) প্রদানপূর্বক ১১-০২-২০১৩ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতীত) ক্রয় করা যাইবে। দরপত্রের ছকপত্র (সিডিউল) ক্রয়ের সময় মহালদারী হালনাগাদ তালিকাভুক্তি এবং হালনাগাদ আয়কর ও ভ্যাট সনদপত্র প্রর্দশন করিতে হইবে। অন্যথায় দরপত্র সিডিউল সরবরাহ করা হইবে না। দরপত্র দাতাকে সিডিউল ক্রয়ের রশিদ দরপত্রের সাথে গাঁথিয়া জমা দিতে হইবে।

৫। প্রতিটি বাঁশ মহালের জন্য আলাদা আলাদা দরপত্র (সিডিউল) ক্রয় করিতে হইবে এবং আলাদাভাবে মহালের নাম উল্লেখ্য পূর্বক দরপত্র দাখিল করিতে হইবে।

৬। দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত মহালের প্রাক্কলিত সংখ্যক বাঁশ বিক্রয় করা হইবে। কোন অবস্থায়ই প্রাক্কলিত সংখ্যার অতিরিক্ত বাঁশ কাটা বা আহরণ করা যাইবে না। পক্ষান্তরে দরপত্র দাতা মহাল হইতে বর্ণিত সংখ্যক বাঁশ নির্ধারিত সময়ের মধ্যে সংগ্রহ করিতে ব্যর্থ হইলে, অনাহরিত বাঁশের উপর দরপত্র দাতার কোন দাবী থাকিবে না এবং ঐ কারণে তিনি কোনরূপ মূল্য রেয়াত বা ফেরৎ দাবী করিতে পারিবেন না।

৭। যাহার দরপত্র গ্রহণ করা হইবে, তাহাকে দরপত্র গ্রহণের সংবাদ জানানোর ৩(তিন) দিনের মধ্যে গৃহিত মূল্যের শতকরা ১৫% হারে জামানত বাবদ বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট এর বরাবরে তফসিলভুক্ত ব্যাংকের ব্যাংক ড্রাফ্ট/পাসবহি এর মাধ্যমে জমা দিয়া উহা অত্র দপ্তরে জমা প্রদান করতঃ নির্ধারিত ফরমে চুক্তিনামা সম্পাদন করিতে হইবে। তবে ক্ষেত্র বিশেষে বিভাগীয় বন কর্মকর্তা ইচ্ছা করিলে জামানতের টাকা বিক্রয় মূল্যের শতকরা ৭০ (সত্তর) ভাগ পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন। মুদ্রিত চুক্তিনামা পত্রের নমুনা বিভাগীয় বন কার্যালয়, সিলেট ও সিলেট বন বিভাগের যে কোন রেঞ্জ অফিস হইতে দেখিতে পারা যাইবে। জামানতের টাকা জমা দিয়া চুক্তিনামা পত্র সম্পাদনের পর সফল দরপত্র দাতার বায়নার টাকা অবমুক্ত করা যাইবে। জামানতের টাকা কোন অবস্থাতেই কোন কিস্তির সহিত সমন্বয় করা যাইবে না।

৮। ৭নং শর্তে বর্ণিত নির্ধারিত সময় সীমার মধ্যে জামানতের টাকা জমা দিতে ও চুক্তিনামা পত্র সম্পাদন করিতে ব্যর্থ হইলে, কৃতকার্য দরপত্র দাতার বায়নার টাকা (Earnest money) সরকার বরাবরে বাজেয়াপ্ত করা হইবে। তাহা ছাড়াও বন বিভাগের তালিকাভুক্তি বাতিলক্রমে তাহাকে কালো তালিকাভুক্তি (Black Listed) করা যাইতে পারে। পরবর্তীতে মহালটি বিক্রয় করিলে, কম মুল্যে বিক্রয় জনিত কারণে সরকারের যে পরিমাণ আর্থিক ক্ষতি হইবে, তাহা "সরকারী পাওনা" হিসাবে আদায়ের জন্য ১ম বার সফল দরপত্র দাতার বিরুদ্ধে সকল প্রকার আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে। এতদ্ব্যতীত উক্ত দরপত্র দাতার অন্য কোন মহালের জামানত কিংবা অন্য কোন প্রকার অর্থ বন বিভাগের নিকট পাওনা/জমা থাকিলে, তাহা হইতে সরকারের পাওনা অর্থ কর্তনক্রমে আদায় করা যাইবে।

৯। জামানতের টাকা জমা দিয়া চুক্তিপত্র সম্পাদনের পর ১৩ নং শর্ত অনুযায়ী নির্ধারিত সময়ে কিস্তির টাকা পরিশোধ করতঃ কার্যাদেশ গ্রহণে ব্যর্থ হইলে দরপত্র দাতার জামানত সরকারের বরাবরে বাজেয়াপ্ত করা হইবে এবং তাহার দরপত্র বাতিল করা হইবে।

১০। সফল দরপত্র দাতা চুক্তিপত্রের বা দরপত্র বিজ্ঞপ্তির কোন শর্ত লংঘন/ভঙ্গ করিলে তাহার জামানতের টাকা সরকারের বরাবরে বাজেয়াপ্ত এবং তাহার দরপত্র বাতিল করিয়া মহালটি পুনরায় বিক্রয় করা হইবে। পুনঃ বিক্রয়ে সরকারের কোন আর্থিক ক্ষতি হইলে, তাহা প্রথমবার দাখিলকৃত সফল দরপত্র দাতার নিকট হইতে বকেয়া ভূমি রাজস্ব (Arrear of Land Revenue) হিসাবে আদায়যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

১১। দরপত্র দাতাকে যথেষ্ট স্থাবর/সম্পত্তির মালিক অথবা প্রতিষ্ঠিত স্বচ্ছল ব্যবসায়ী হইতে হইবে। আর্থিক স্বচ্ছলতার স্বপক্ষে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার ব্যাংক লেনদেনের বিগত এক বছরের হালনাগাদ বিবরণী দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

১২। যাহাদের নিকট বন বিভাগের পূর্ববর্তী কোন বকেয়া রাজস্ব অনাদায়ী রহিয়াছে অথবা যাহাদের বিরুদ্ধে বকেয়া পাওনা বাবদ সার্টিফিকেট মামলা মুলতবী রহিয়াছে অথবা যাহারা বন আইনে অপরাধী বলিয়া দোষী সাব্যস্ত হইয়াছেন, তাহাদের দরপত্র গ্রহণ করা বা না করা সম্পূর্ণ দরপত্র মূল্যায়ন কমিটির এখতিয়ারাধীন থাকিবে।

১৩। মহালের বিক্রয় মূল্যের টাকা নিম্নবর্ণিত হারে ও সময়ে পরিশোধ করিতে হইবে এবং প্রত্যেক দফায় বর্ণিত হারে বাঁশ কর্তন, আহরণ ও পরিবহন করিতে পারা যাইবে।

(ক) একলক্ষ টাকা বা তার কম মূল্যে বিক্রিত মহাল ঃ

কিস্তির হার	কিস্তি পরিশোধের সময়	আহরিতব্য বাঁশের সংখ্যা	মহালের মেয়াদ
১ম কিস্তি ১০০%	ইজারা/বিক্রয় অনুমোদন জানানোর তারিখ হইতে ১০ (দশ) দিনের মধ্যে	১০০%	কার্যাদেশ প্রদানের তারিখ হইতে (বন্ধকালীন সময় ব্যতীত) ৩ (তিন) মাস।

(খ) একলক্ষ টাকার উর্দ্ধ হইতে ৫ লক্ষ টাকা পর্যন্ত বিক্রিত মহাল ঃ

কিস্তির হার	কিস্তি পরিশোধের সময়	আহরিতব্য বাঁশের সংখ্যা	মহালের মেয়াদ
১ম কিস্তি ৫০%	ইজারা/বিক্রয় অনুমোদন জানানোর তারিখ হইতে ৭ (সাত) দিনের মধ্যে	৪০%	কার্যাদেশ প্রদানের তারিখ হইতে (বন্ধকালীন সময় ব্যতীত) ৬ (ছয়) মাস
২য় কিস্তি ৫০%	মহালের কার্যকালীন সময়ের ৪(চার) মাসের মধ্যে	১০০%	

(গ) ৫ লক্ষ টাকার উর্দ্ধে বিক্রিত মহাল ঃ

কিস্তির হার	কিস্তি পরিশোধের সময়	আহরিতব্য বাঁশের সংখ্যা	মহালের মেয়াদ
১ম কিস্তি ৪০%	ইজারা/বিক্রয় অনুমোদন জানানোর তারিখ হইতে ৭ (সাত) দিনের মধ্যে	মোট সংখ্যার ৩০%	কার্যাদেশ প্রদানের তারিখ হইতে (বন্ধকালীন সময় ব্যতীত) ১০ (দশ) মাস
২য় কিস্তি ৩০%	মহালের কার্যকালীন সময়ের ৬ (ছয়) মাসের মধ্যে	মোট সংখ্যার ৬০%	
৩য় কিস্তি ২০%	মহালের কার্যকালীন সময়ের ৮ (আট) মাসের মধ্যে	মোট সংখ্যার ৮০%	
৪র্থ কিস্তি ১০%	মহালের কার্যকালীন সময়ের ৯ (নয়) মাসের মধ্যে	সর্বমোট ১০০%	

মহালক্রেতাকে মহালের কার্যাদেশ পত্রে কিস্তি পরিশোধের নির্ধারিত তারিখ অবহিত করা হইবে। ইহা ছাড়া অনিবার্য কারণ বশতঃ কিস্তির টাকা পরিশোধের তারিখ পুনঃ নির্ধারণের প্রয়োজন দেখা দিলে বিভাগীয় বন কর্মকর্তা উহা পুনঃ নির্ধারণ করিতে পারিবেন।

১৪। ১৩নং শর্তে বর্ণিত হারে ও সময়ে ১ম কিস্তির টাকা পরিশোধ না করা পর্যন্ত মহালের বাঁশ কর্তন, আহরণ ও পরিবহন করার অনুমতি দেওয়া হইবে না এবং অন্যান্য কিস্তির টাকা নির্ধারিত সময়ে পরিশোধ না করিলে মহালের কাজ বন্ধ করার অর্থাৎ বাঁশ কর্তন, আহরণ ও পরিবহন বন্ধের এখতিয়ার বিভাগীয় বন কর্মকর্তার থাকিবে ও এইরূপ কাজ বন্ধ করার জন্য ক্রেতা মহালের বাকী টাকা পরিশোধ হইতে রেহাই পাইবেন না। এই জন্য ক্রেতার কোন ক্ষতি হইলে, তজ্জন্য সরকার বা কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।

১৫। নির্ধারিত সময়ে মহালক্রেতা কিস্তির টাকা সম্পূর্ণ পরিশোধ করিতে ব্যর্থ হইলে, বিভাগীয় বন কর্মকর্তা প্রতিদিনের জন্য পাওনা টাকার উপর ১% জরিমানা ধার্য করিতে পারিবেন এবং জরিমানা ধার্য করা হইলে, মহাল ক্রেতা জরিমানা দিতে বাধ্য থাকিবেন।

১৬। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক বাঁশ মহাল ইজারা/বিক্রয় অনুমোদন পদ্ধতিগত কারণে বিলম্ব ঘটিলে, তজ্জন্য মহালক্রেতা কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না বা মহালের কার্যাদেশ গ্রহণে অস্বীকৃতি জ্ঞাপন বা বায়নার টাকা ফেরত দাবী করিতে পারিবেন না।

১৭। ১৬ জুন হইতে ১৫ আগষ্ট পর্যন্ত বাঁশের প্রজন্ম বৃদ্ধি জনিত কারণে বাঁশ কাটার বন্ধ মৌসুম (Closed Season) হিসাবে নির্ধারিত। এই বন্ধ মৌসুমে বাঁশ মহালের অভ্যন্তরে সর্ব প্রকার কর্মতৎপরতা বন্ধ থাকিবে।

১৮। বন্ধকালীন সময় শুরু হওয়ার পূর্বেই মহালক্রেতাকে বাঁশ মহালের অভ্যন্তরসহ সকল কাটা বাঁশ মহাল হইতে বাহির করিয়া আনিতে হইবে। ১৬ জুন তারিখে বাঁশ মহালের অভ্যন্তরে কাটা বাঁশ থাকিলে, তাহা সরকারের সম্পত্তি বলিয়া গণ্য হইবে এবং বন্ধকালীন সময়ে বাঁশ কর্তন বা অন্য যে কোন কার্যক্রমের ফলে বাঁশের প্রজননে ব্যাঘাত সৃষ্টির কারণে এবং কচি বা ডগা বাঁশ নষ্ট হওয়ার জন্য বিভাগীয় বন কর্মকর্তা কর্তৃক প্রতি বাঁশের জন্য ২৫/- (পঁচিশ) টাকা হারে ধার্যকৃত জরিমানা মহাল ক্রেতা দিতে বাধ্য থাকিবেন। তাহাছাড়া, বন্ধকালীন সময়ে মহালের অভ্যন্তরে যে পরিমাণ বাঁশ কর্তিত অবস্থায় পাওয়া যাইবে, সেই পরিমাণ বাঁশ মহালের বিক্রয়কৃত মোট বাঁশের সংখ্যা হইতে কমিয়া যাইবে। ইহা মহালক্রেতা কখনই দাবী করিতে পারিবেন না।

১৯। বাঁশ মহালের মেয়াদ উত্তীর্ণ হইবার পর মহালের অভ্যন্তরে অকর্তিত যে বাঁশ অবশিষ্ট থাকিবে, তাহা সরকারের সম্পত্তি বলিয়া গণ্য হইবে এবং সরকার ইচ্ছামত এই বাঁশ বিক্রয় করিতে পারিবেন এবং বিক্রয়লব্ধ অর্থ সরকারের রাজস্ব হিসাবে গণ্য হইবে। তবে মহালের মেয়াদকালীন সময়ের মধ্যে রাজস্ব পরিশোধিত কর্তিত অনাহরিত কোন বাঁশ মহালের ভিতর থাকিলে, প্রতিটি বাঁশের জন্য বিভাগীয় বন কর্মকর্তা কর্তৃক ৩/- (তিন) টাকা ধার্যকৃত জরিমানা পরিশোধ সাপেক্ষে শুধুমাত্র কর্তিত বাঁশ পরিবহনের জন্য সাময়িক সময় প্রদান করা যাইতে পারে।

২০। বাঁশ মহালের সমুদয় বাঁশ কার্যাদেশ পত্রে উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে কর্তন, আহরণ ও পরিবহন কাজ সম্পাদন করিতে হইবে। মহালক্রেতা মহাল হইতে নির্ধারিত সময়ের মধ্যে কম সংখ্যক বাঁশ কর্তন, আহরণ ও পরিবহনের অজুহাতে পরবর্তীতে সময় বর্ধিত করণের জন্য মহালক্রেতার কোন আবেদন/নিবেদন নিম্নস্বাক্ষরকারীর নিকট গ্রহণযোগ্য হইবে না।

২১। মহালক্রেতা দরপত্র বিজ্ঞপ্তির তফসিলে উল্লেখিত প্রজাতি/সংখ্যার অতিরিক্ত কোন বাঁশ কর্তন, আহরণ ও পরিবহন করিতে পারিবেন না। এইরূপ কোন বাঁশ কর্তন, আহরণ ও পরিবহন করা প্রমাণিত হইলে, উহা বন অপরাধ হিসাবে গণ্য করা হইবে এবং প্রচলিত বন অপরাধ আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২২। তফসিলে বর্ণিত ২০১৩ইং সনে বিক্রিতব্য/বিক্রয়যোগ্য বাঁশ মহাল হইতে যে কোন বাঁশ মহাল বাদ দেওয়া বা অনুমোদিত অন্য যে কোন বাঁশ মহাল অর্ন্তভুক্ত করা বা না করা এবং বিক্রিত কোন বাঁশ মহাল সরকারী সিদ্ধান্ত অনুযায়ী কার্যাদেশের পূর্বে বাদ দেওয়া সম্পূর্ণ বিভাগীয় বন কর্মকর্তার এখতিয়ারাধীন।

২৩। বিক্রিত বাঁশ মহাল হইতে সিডিউল রেইটে স্থানীয় জনসাধারণের ব্যবহারের জন্য (হোম কনজামশন) বিভাগীয় বন কর্মকর্তা পারমিট ইস্যু করিতে পারিবেন, যাহা মহালক্রেতা দিতে বাধ্য থাকিবেন।

২৪। বিক্রিত মহালের কচি বা ডগা বাঁশ কাটা নিষিদ্ধ। অধিকন্তু প্রতি ঝাড়ে (Clump) ডগা বাঁশের সাথে ৪(চার) টি পাঁকা বাঁশ অবশ্যই রাখিতে হইবে। প্রতি ঝাড়ে ৪ (চার) টি পাকা বাঁশ না থাকিলে, প্রতিটি কাটা বাঁশের জন্য বিভাগীয় বন কর্মকর্তা কর্তৃক ২৫/- (পঁচিশ) টাকা ধার্যকৃত জরিমানা মহালক্রেতা দিতে বাধ্য থাকিবেন।

২৫। পাকা বাঁশ অত্যন্ত সতর্কতার সহিত কাটিতে হইবে। পাকা বাঁশ কাটিবার সময় যাহাতে ডগা বা কচি বাঁশ নষ্ট না হয়, তৎপ্রতি মহালক্রেতাকে বিশেষ লক্ষ্য রাখিতে হইবে এবং বাঁশ আহরণের সময় যদি কোন কচি বা ডগা বাঁশ অথবা পাকা বাঁশ নষ্ট হয়, তাহা হইলে প্রতি বিনষ্ট বাঁশের জন্য বিভাগীয় বন কর্মকর্তা কর্তৃক ২৫/- (পঁচিশ) টাকা হিসাবে ধার্যকৃত জরিমানা মহালক্রেতা দিতে বাধ্য থাকিবেন।

২৬। প্রাকৃতিক ভাবে বাঁশ মহালে পুষ্পায়নের পর ফুল ও ফল আসিলে তাৎক্ষণিক বাঁশ মহালের কার্যক্রম বন্ধ হইয়া যাইবে।

২৭। মহালের মেয়াদকালীন সময়ে প্রাকৃতিক ভাবে পুষ্পায়নের ফলে মহালের বাঁশ মারা গেলে বকেয়া রাজস্ব মওকুফ করার বিষয়টি বিবেচনা করা বা না করা যথাযথ কর্তৃপক্ষের এখতিয়ারাধীন থাকিবে। তবে মহালক্রেতা কর্তৃক পরিশোধিত কোন রাজস্ব তিনি আর ফেরত দাবী করিতে পারিবেন না এবং ঐ পরিমাণ বাঁশও তিনি কখনই কর্তন/আহরণ/পরিবহনের সুযোগ পাইবেন না।

২৮। কোন ক্রমেই মাটি হইতে ১-০´´ ফুটের বেশী উঁচুতে বাঁশ কাটা যাইবে না। ১-০´´ ফুটের উপরে বাঁশ কাটিলে এবং এইরূপ কাটা প্রমাণিত হইলে, প্রতিটি বাঁশের জন্য বিভাগীয় বন কর্মকর্তা কর্তৃক ধার্যকৃত ৩/- (তিন) টাকা হিসাবে জরিমানা দিতে মহালক্রেতা বাধ্য থাকিবেন।

২৯। মহালক্রেতা মহালের বাহিরে বাঁশ বা অন্য কোন বনজদ্রব্য কাটিলে ক্রেতার জামানতের টাকা বাজেয়াপ্ত করাসহ মহাল ক্রয় বাতিল করা হইবে। ইহা ছাড়া মহালের পার্শ্ববর্তী বনাঞ্চলের কোন বনজদ্রব্য চুরি হইলে, তজ্জন্য মহালক্রেতা দায়ী থাকিবেন এবং ইহাতে সরকারের যে ক্ষতি হইবে, ক্রেতা তাহা পূরণ করিতে বাধ্য থাকিবেন। অন্যথায় ৭নং শর্তে বর্ণিত ক্রেতার জামানত সরকারের বরাবরে বাজেয়াপ্ত করা হইবে। মহাল এলাকার সীমানা হইতে চতুর্দিকে ১ মাইল পর্যন্ত এই শর্ত প্রযোজ্য হইবে। তবে চুরির সংবাদ তৎক্ষণাৎ লিখিতভাবে নিকটবর্তী ফরেস্ট অফিসে জানাইলে এবং অপরাধীকে ধরিতে সাহায্য করিলে উক্ত দায় হইতে ক্রেতাকে মুক্তি দেওয়া যাইতে পারে।

৩০। বাঁশ মহালের কর্তিত বাঁশ ডিপোজাত করনের জন্য মহালক্রেতাকে ডিপো স্থাপনের ভূমির ম্যাপ, পর্চা সহ সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা এবং সহকারী বন সংরক্ষক এর সুপারিশ সহকারে বিভাগীয় বন কর্মকর্তার বরাবরে আবেদন করিতে হইবে। অনুমোদিত ডিপো ব্যতীত অন্য কোন স্থানে কর্তনকৃত বাঁশ মজুদ করা যাইবে না।

৩১। বাঁশ মহালের অভ্যন্তরে/ভিতরে কর্তনকৃত কোন বাঁশ রাখা যাইবে না। যেদিন যে সংখ্যক বাঁশ কর্তন করা হইবে, সেই দিনই সেই সংখ্যক কর্তনকৃত বাঁশ সার্টিফিকেট অব অরিজিন ফরম-৬ মূলে ডিপোতে স্থানান্তর করিতে হইবে।

৩২। বাঁশ মহালের বাঁশ কর্তন, আহরণ ও পরিবহনের ক্ষেত্রে অনুমোদিত ডিপোতে বাঁশ মজুদের পূর্বে বাঁশ মহালের অভ্যন্তরে কর্তনকৃত বাঁশ কোন অবস্থাতেই খন্ডন করা যাইবে না। ডিপোতে মজুদকৃত বাঁশ প্রয়োজনে খন্ডনের জন্য বিভাগীয় বন কর্মকর্তার পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে। এই সময় উহার কোন প্রকার অনিয়ম পরিলক্ষিত হইলে, প্রতিটি খন্ডনকৃত বাঁশের জন্য বিভাগীয় বন কর্মকর্তা ২৫ (পঁচিশ) টাকা হারে জরিমানা ধার্য্য করিতে পারিবেন, মহালক্রেতা উহা দিতে বাধ্য থাকিবেন এবং এই সংখ্যক বাঁশ তাহার ক্রয়কৃত মোট বাঁশের সংখ্যা হইতে কমিয়া যাইবে।

৩৩। বাঁশ মহাল/বনাঞ্চল হইতে বাঁশ বাহির করিয়া ডিপোতে নেওয়ার সময় বাঁশের প্রত্যেক চালান সংশ্লিষ্ট বিট অফিসার দ্বারা সরজমিনে অবশ্যই চেক করাইতে হইবে। বিট অফিসার বাঁশের চালান চেক করার পর দেওয়া সার্টিফিকেট অব অরিজিন ফরমের অপর পৃষ্ঠায় চেক করা বাঁশের সংখ্যা লিখিয়া তারিখসহ নামীয় সীল ও সই করিবেন। ডিপো হইতে অন্যত্র স্থানান্তরের সময় রীতিমত ট্রানজিট পাশ নিতে হইবে। উক্ত ট্রানজিট পাশ প্রত্যেক চেক স্টেশনে চেক করাইতে হইবে।

৩৪। বিভাগীয় বন কর্মকর্তা সরকারী প্রয়োজনে দশভাগ বাঁশ (১০%) সরকারী সিডিউল রেইটে এবং ১০% (দশ) ভাগের উর্দ্ধে যে কোন পরিমাণ বাঁশ সরকারী প্রয়োজনে স্থানীয় রেঞ্জ অফিসার কর্তৃক যাচাইকৃত স্থানীয় বাজার দরে হুকুম দখল করিতে পারিবেন।

৩৫। মহালক্রেতা বিভাগীয় বন কর্মকর্তার পূর্বানুমতি ব্যতীত মহালের ভিতর কোন প্রকার রাস্তা তৈরী করিতে পারিবেন না।

৩৬। বিভাগীয় বন কর্মকর্তা, সিলেটের অনুমতি ব্যতীত অবিক্রিত বাঁশ মহালের (Closed Coupe/Mohal) ভিতর দিয়া প্রবাহিত ছড়া বা নালা দিয়া বাঁশ বাহির করা যাইবে না।

৩৭। যে সকল বাঁশ মহালের নাম ছড়ার নাম অনুসারে দেওয়া হইয়াছে, ঐ সকল মহালের বাঁশ শুধুমাত্র মহালের নাম দেওয়া ছড়া দিয়া বাহির করিতে পারিবেন। মহালক্রেতা অন্য ছড়া ব্যবহার করিতে পারিবেন না।

৩৮। মহালের মেয়াদ এর মধ্যে মহালে কোন প্রকার অগ্নি সংযোগ হইলে মহালদার তজ্জন্য দায়ী থাকিবেন। ইহাতে সরকারের কোন প্রকার ক্ষতি হইলে, মহালক্রেতা ইহার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবেন।

৩৯। চুক্তিনামা সম্পাদনের তারিখ হইতে মহালক্রেতা নিজ ক্রয়কৃত মহালের বাঁশ সংরক্ষণের জন্য দায়ী থাকিবেন। কোন দৈব দূর্বিপাকে বা অভ্যন্তরীণ বা সীমান্ত গোলযোগে মহালক্রেতার কোন ক্ষতি হইলে সরকার তজ্জন্য দায়ী হইবে না। এই সমস্ত কারণে ক্রেতা কোন ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না, করিলেও উহা আইনগত গ্রহণযোগ্য হইবে না।

৪০। মহালের বকেয়া কিস্তির টাকা পাওনা থাকিলে অথবা চুক্তি বাতিল ও পুনঃবিক্রিজনিত কারণে সরকারের কোন আর্থিক ক্ষতি হইলে, এইসব পাওনা বা ক্ষতি বকেয়া ভূমি রাজস্ব (Arrear of Land Revenue) হিসাবে সার্টিফিকেট মামলা জারীর মাধ্যমে আদায় করা হইবে।

৪১। অত্র দরপত্র বিজ্ঞপ্তির তফসিলে বর্ণিত সকল মহাল বা যে কোন মহাল বিশেষ অবস্থার প্রেক্ষিতে/কারণে বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বিক্রয় নাও করিতে পারেন। ইহাতে কাহারও কোন ওজর আপত্তি চলিবে না।

৪২। মহাল ক্রেতা কেবলমাত্র হান্ডর তৈরী করার জন্য সংশ্লিষ্ট মহাল এলাকা হইতে প্রয়োজনীয় সংখ্যক ডি-শ্রেণীর গাছ (ঘনফুট)/বল্লী (দৈর্ঘফুট) বিভাগীয় বন কর্মকর্তার নিকট হইতে লিখিতভাবে অনুমতি গ্রহণকরতঃ প্রতি ঘনফুট/দৈর্ঘফুট রাজস্ব মূল্যের তিনগুণ হারে মূল্য পরিশোধ সাপেক্ষে সংগ্রহ করিতে পারিবেন।

৪৩। মহালের নির্ধারিত মেয়াদ শেষ হওয়ার ৩০ দিনের মধ্যে মহালদারকে মহালের অভ্যন্তরে নির্মিত হান্ডর ভাঙ্গিয়া নিতে হইবে। যথাসময়ে মহালদার হান্ডর ভাঙ্গিয়া না নিলে, নির্ধারিত সময়ের পরে বিনা নোটিশে বিভাগীয় বন কর্মকর্তা বা সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা উক্ত হান্ডর ভাঙ্গিয়া ফেলিতে পারিবেন এবং এই হান্ডর ভাঙ্গার কাজে ব্যয়িত অর্থ বিভাগীয় বন কর্মকর্তা, মহালদারের জামানত বাবদ জমাকৃত অর্থ হইতে আদায় করিতে পারিবেন।

৪৪। মহাল ক্রেতা সরকারী নিয়ম অনুযায়ী মহালের ক্রয় মূল্যের উপর সরকার নির্ধারিত ৫% হারে উৎসে আয়কর ও ১৫% হারে উৎসে মূল্য সংযোজন কর এককালীন ১ম কিস্তির সাথে পরিশোধ করিতে হইবে।

৪৫। ৪৪নং শর্তে বর্ণিত আয়কর ও ভ্যাট এর হার মহালের মেয়াদকালীন সময়ের মধ্যে পরিবর্তন/পরিবর্ধন হইলে যে হার নির্ধারিত হইবে, সেই হারে মহালক্রেতা উহা প্রদান করিতে বাধ্য থাকিবেন। ইহা ছাড়া সরকার কর্তৃক আরোপিত যে কোন কর যে হারে নির্ধারিত হইবে, সেই হারে মহালক্রেতা উহা পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

৪৬। সর্বোচ্চ বা যে কোন দর/দরপত্র গ্রহণ করা বা না করা দরপত্র মূল্যায়ন কমিটির/কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত। ইহার জন্য দরপত্র মূল্যায়ন কমিটি/কর্তৃপক্ষ কাহারো নিকট কোন প্রকার কারণ দর্শাইতে বাধ্য নহেন।

৪৭। ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার উপরে দরপত্র গ্রহণ করা উর্ধ্বতন কর্তৃপক্ষের এখতিয়ারাধীন থাকিবে।।

৪৮। দরপত্র বিজ্ঞপ্তিতে যদি কোন মুদ্রণজনিত বা অন্য কোন প্রকার করণিক ভুলত্রুটি যে কোন সময় লক্ষ্য করা যায় বা ধরা পড়ে, তবে ঐ সকল ভুল-ত্রুটি সংশোধন করার জন্য যাবতীয় ক্ষমতা বিভাগীয় বন কর্মকর্তার থাকিবে। ইহাতে কাহারও কোন প্রকার ওজর-আপত্তি গ্রাহ্য হইবে না।

৪৯। দরপত্র বিজ্ঞপ্তির যে কোন শর্ত বা শর্তাংশ প্রয়োজনে যে কোন সময় সংশোধন, সংযোজন, পরিবর্তন ও পরিবর্ধন করার ক্ষমতা বিভাগীয় বন কর্মকর্তা সংরক্ষণ করেন।

৫০। অত্র দরপত্র বিজ্ঞপ্তির সকল শর্তাবলী পুংখানুপুংখরূপে অবগত হইয়া দরপত্রে অংশগ্রহণ করিতে হইবে। পরবর্তীতে এতদ্‌বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৫১। অত্র দরপত্র বিজ্ঞপ্তির তফসিলে বর্ণিত যে কোন বাঁশ মহাল ধার্যকৃত তারিখে বিক্রয়/ইজারা প্রদানের জন্য কোন দরপত্র পাওয়া না গেলে, উহা বিক্রয় না হওয়া পর্যন্ত একই অনুমোদিত শর্তে পরবর্তীতে পুনরায় দরপত্র আহবান, দরপত্র সিডিউল বিক্রয় এবং দরপত্র গ্রহণের তারিখ পুনঃনির্ধারণ করতঃ দরপত্র আহবান করার ক্ষমতা বিভাগীয় বন কর্মকর্তার থাকিবে।

৫২। অত্র দরপত্র বিজ্ঞপ্তির তফসিলে বর্ণিত যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ৫টি বাঁশ মহালের মধ্যে ক্রমিক নং ৪ ও ৫ যথাক্রমে-চম্পারায়ছড়া ও সুরমাছড়া বাঁশ মহালের বিপরীতে মহামান্য আদালতে মামলা চালু থাকায় উহা এই বিজ্ঞপ্তিতে বিক্রয় করা যাইবে না। তবে মহামান্য আদালত কর্তৃক উক্ত মামলা নিষ্পত্তি হওয়া সাপেক্ষে (যদি উহার রায় অনুকূলে যায়) অত্র দরপত্র বিজ্ঞপ্তির অনুমোদিত শর্তেই শুধুমাত্র পত্রিকায় বিজ্ঞপ্তি জারীর মাধ্যমে পরবর্তীতে উহা বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৫৩। এই দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের ব্যাখ্যা বা সংশ্লিষ্ট মহাল বিক্রয় ও বিক্রয় উত্তর পরিস্থিতিতে উত্থাপিত কোন প্রশ্নে বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকার সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া পরিগণিত হইবে এবং উক্ত সিদ্ধান্ত গ্রহণ করা বাধ্যতামূলক হইবে।

৫৪। ইহা বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা'২০১১ দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

দরপত্রের শর্তাবলী অনুমোদন করা হইল।

মোঃ শফিউল আলম চৌধুরী
বন সংরক্ষক
কেন্দ্রীয় অঞ্চল, বন ভবন
মহাখালী, ঢাকা।

মোঃ আবুল বাশার মিয়া
বিভাগীয় বন কর্মকর্তা
সিলেট বন বিভাগ
সিলেট।

তফসিল

সিলেট বন বিভাগের ২০১৩ ইং সনের বিক্রয়যোগ্য প্রাকৃতিক বাঁশ মহালের তালিকা ঃ

ক্রমিক নং	রেঞ্জের নাম	ফেলিং সিরিজ/ বিটের নাম	কূপ/মহালের নাম	মহাল নং ও সন	এলাকা/মহালের আয়তন (একর)	বাঁশের প্রজাতি	প্রজাতি ভিত্তিক বাঁশের সংখ্যা	প্রাপ্তব্য বাঁশের সংখ্যা	মহালের সীমানা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
(১)	রাজকান্দি রেঞ্জ	আদমপুর বিট	লেওয়াছড়া (১-২) বাঁশ মহাল	রাজ/০১/লেওয়াছড়া/ বাঁশ-২০১৩	৩৯৭৫.০০	১। মুলী বাঁশ ২। টেংরা মুলী বাঁশ ৩। মৃতিঙ্গা বাঁশ ৪। রুপাই বাঁশ ৫। ডলু বাঁশ মোট-	৩,৮৫,৫৭৫ টি ৪,৮০,৯৭৫ টি ৩,৪৯,৮০০ টি ২,১৮,৬২৫ টি ১,৬৬,৯৫০ টি **১৬,০১,৯২৫ টি**	১৬,০১,৯২৫ টি	পূর্বে ঃ ভারত সীমান্ত। পশ্চিমে ঃ সৃজিত ও প্রাকৃতিক বন। উত্তরে ঃ কামারছড়া বিটের বাঁশ মহাল দক্ষিণে ঃ ডালুয়াছড়া বাঁশ মহাল।	
(২)	জুরী রেঞ্জ-১	সাগরনাল বিট	সাগরনাল বাঁশ মহাল	জুরী-১/০১/সাগরনাল /বাঁশ-২০১৩	৩২৭৯.০০	১। মাকাল বাঁশ ২। খাং বাঁশ ৩। মুলী বাঁশ ৪। টেংরা মুলী মোট-	২০,৫৯,৮০০ টি ৩,৯৭,৮০০ টি ১৮,৮৮,৮০০ টি ৭,৩৩,৮০০ টি **৫০,৮০,২০০ টি**	৫০,৮০,২০০ টি	পূর্বে ঃ হারারগজ রিজার্ভ ফরেষ্ট। পশ্চিমে ঃ গাজীপুর ও মনছড়া বিটের সীমানা। উত্তরে ঃ পুটিছড়া বিটের সীমানা। দক্ষিণে ঃ রাগনা ও নলডুরী বিটের সীমানা।	
(৩)	জুরী রেঞ্জ-১	পুটিছড়া বিট	পূর্বগোগালী বাঁশ মহাল	জুরী-১/০২/পূর্ব গোগালী/বাঁশ-২০১৩	১৯০.০০	১। টেংরা মুলী ২। মুলী বাঁশ ৩। খাং বাঁশ ৪। মাকাল বাঁশ মোট-	৬,৬৫০ টি ২,৮৫০ টি ১,৯০০ টি ৯৫০ টি **১২,৩৫০ টি**	১২,৩৫০ টি	উত্তরে ঃ প্রাকৃতিক বনভূমি। দক্ষিণে ঃ মেরিন চা বাগান। পূর্বে ঃ পশ্চিম গোগালী ব্লক। পশ্চিমে ঃ মেরিন চা বাগান।	
(৪)	রাজকান্দি রেঞ্জ	কুরমা বিট	চম্পরায়ছড়া বাঁশ মহাল	রাজ/০২/চম্পরায়ছড়া/ বাঁশ-২০১৩	২১৭৬.০০	১। মৃতিঙ্গা বাঁশ ২। ডলু বাঁশ ৩। রুপাই বাঁশ ৪। টেংরা মুলী বাঁশ মোট-	৮,৭৮,৪৭৫ টি ১,৬৫,৩৬০ টি ৩,৪১,০৫৫ টি ৫১,৬৭৫ টি **১৪,৩৬,৫৬৫ টি**	১৪,৩৬,৫৬৫ টি	পূর্বে ঃ ভারত। পশ্চিমে ঃ ২০০৯-১০ সনের সৃজিত বাগান ও সোনারায়ছড়া বাঁশ মহালের একাংশ। উত্তরে ঃ কুরমারছড়া বাঁশ মহাল দক্ষিণে ঃ ভারত ও সোনারায়ছড়া বাঁশ মহাল।	অত্র তফসিলের ক্রমিক নং-(৪) ও (৫) নং বাঁশ মহালের বিষয়ে মহামান্য আদালতে মামলা থাকায় অত্র দরপত্র বিজ্ঞপ্তির (৫২)নং শর্তানুযায়ী পরবর্তীতে উহা বিক্রয়ের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হইবে।
(৫)	জুরী রেঞ্জ-১	লাঠিটিলা বিট	সুরমাছড়া বাঁশ মহাল	জুরী-১/০৩/ সুরমাছড়া/বাঁশ-২০১৩	২৮১৮.৩৯	১। খাং বাঁশ ২। মুলী বাঁশ ৩। ডলু বাঁশ মোট-	২০,৭৪,৮৭৫ টি ১,৮৫,৬২৫ টি ৭২,০৫০ টি **২৩,৩২,৫৫০ টি**	২৩,৩২,৫৫০ টি	উত্তরে ঃ মাধবছড়া বিট। দক্ষিণে ঃ বিভিন্ন সনে সৃজিত বন বাগান। পূর্বে ঃ ভারতের আসাম রাজ্য। পশ্চিমে ঃ সমনবাগ বন বিটের সীমানা।	